# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

## সংবাদ বিবৃতি

### শাবিপ্রবি'র সাবেক ৫ শিক্ষার্থীকে গ্রেপ্তার

### হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)'র নিন্দা এবং প্রতিবাদ

**[২৬ জানুয়ারি ২০২২, ঢাকা]** শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত শিক্ষার্থীদের আর্থিক সহায়তা করার অভিযোগে ৫ জন সাবেক শিক্ষার্থীকে গ্রেপ্তার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের অপরাধ তদন্ত বিভাগ। তাদেরকে সিলেট মেট্রোপলিটন পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ ঘটনায় গভীর নিন্দা এবং উদ্বেগ প্রকাশ করছে।

গণমাধ্যমসূত্রে জানা যায়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি)'র উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদের পদত্যাগের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের আর্থিক সহযোগিতা করায় উক্ত বিশ্ববিদ্যালয়ের সাবেক ৫ শিক্ষার্থীকে গত ২৪ জানুয়ারী ২০২২ ঢাকার বিভিন্ন এলাকা থেকে তুলে নিয়ে যাওয়া হয় এবং পরে তাদের বিরুদ্ধে সিলেট মেট্রোপলিটন পুলিশের (এসএমপি) জালালাবাদ থানায় মামলা করা হয়। পুলিশের অভিযোগ, আন্দোলনে এ সাবেক শিক্ষার্থীরা অর্থের জোগান দিয়েছেন, তাই তাদের উদ্দেশ্য তদন্ত করা হবে। পরিবার ও বন্ধুদের ভাষ্য অনুযায়ী, তাদের তুলে নেয়ার সময় ডিবি পুলিশের কাছে তাদের বিরুদ্ধে কোন গ্রেপ্তারি পরোয়ানা ছিলনা। শুধুমাত্র আন্দোলনরত শিক্ষার্থীদের আর্থিক সাহায্য করেছেন বলে তাদের গ্রেপ্তার করা হয়েছে বলে স্বজনরা অভিযোগ করেছেন।

ফোরাম অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, বিশ্ববিদ্যালয়গুলোতে বিভিন্ন সময়ে শান্তিপূর্ণভাবে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কিংবা ক্ষমতাসীন দলের ছাত্র সংগঠনের কর্মীরা হামলা চালাচ্ছে। শাবিপ্রবিতেও আলোচনার মাধ্যমে শান্তিপূর্ণ আন্দোলনের সমাপ্তি ঘটানোর প্রচেষ্টা না চালিয়ে শিক্ষার্থীদের ওপর আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বলপ্রয়োগ এবং পরবর্তী সময়ে আন্দোলনে নৈতিক ও আর্থিক সহায়তা দিয়ে সহমর্মিতা প্রকাশকারীদের এভাবে তুলে নিয়ে গ্রেফতার করা বেআইনি, নিপীড়নমূলক এবং সম্পূর্ণভাবে অগ্রহণযোগ্য। এটি মৌলিক মানবাধিকারের চরম লঙ্ঘন যা কোনো সভ্য ও গণতান্ত্রিক দেশের বৈশিষ্ট্য হতে পারে না। ফোরাম শিক্ষার্থীদের প্রতি এমন আচরণের তীব্র নিন্দা জানাচ্ছে। পাশাপাশি ফোরাম এ পর্যন্ত দায়েরকৃত সব মামলা প্রত্যাহার, অবিলম্বে আটককৃতদের মুক্তি প্রদান, শিক্ষার্থীদের সুচিকিৎসা নিশ্চিত করা, সর্বোপরি আন্দোলনকারী শিক্ষার্থী ও আন্দোলনে সমর্থনদানকারীদের কোনরূপ হয়রানি না করার দাবি জানাচ্ছে। একইসাথে শিক্ষার্থীদের ওপর বলপ্রয়োগের ঘটনায় দায়ীদের নিরপেক্ষ তদন্তসাপেক্ষে জবাবদিহিতার আওতায় আনা এবং অনতিবিলম্বে চলমান আন্দোলনের সুরাহা করে শিক্ষার পরিবেশ সুনিশ্চিত করার আহবান জানাচ্ছে।

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: https://hrf-bd.org/
**Experts:**
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).